MAY 17 2002

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

## ২০০৩ সালের পুস্তক মুদ্রণ ও ২০০২ সালের পুস্তক পাঠাতে বিলম্ব

মাননীয় প্রধানমন্ত্রী ১ জানুয়ারী বই বিতরণের মধ্য দিয়ে গ্রন্থবর্ষ-২০০২ উদ্বোধন করলেন। অথচ অবিশ্বাস্য হলেও সত্য যে, বিনামূল্যের বই অর্থাৎ প্রাথমিক শিক্ষার সবগুলো বই অদ্যাবধিও পৌছার খবর নেই। প্রমাণস্বরূপ, রায়পুর থানার কয়েকটি স্কুলের মধ্যে শিবপুর কাঞ্চনপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বিভিন্ন শ্রেণীতে বইয়ের যে চাহিদা এখনও পূরণ হয়নি তার উদাহরণ দিচ্ছি। ১. ১ম শ্রেণীতে বাংলা বই ১২টি, ২. ৩য় শ্রেণীতে (ক) ইংরেজী বই-১৬টি, (খ) গণিত ২০টি, (গ) সমাজ ৩টি, (ঘ) বিজ্ঞান ১৫টি, ([illegible]) ধর্ম ১২টি বই। ৩. ৪র্থ শ্রেণীতে (ক) ইংরেজী ৫টি, (খ) [illegible]জ ২টি, (গ) বিজ্ঞান ৮টি, (ঘ) ধর্ম ৫টি। ৪. ৫ম শ্রেণীতে (ক) গণিত ২টি, (খ) ধর্ম ৪টি। মোট ১০৩ খানা বই এখনও পৌছতে বাকি। এভাবে যদি চলতে থাকে তাহলে প্রাথমিক শিক্ষা অচিরেই ধ্বংস হয়ে যাবে। ২০০২ সালের পুস্তক পৌছার ব্যবস্থা না করে ২০০৩ সালের পুস্তক মুদ্রণ আর বাঁধাইয়ের জন্য ঢাক-ঢোল পেটানো শুরু করে দেয়া এক হাস্যকর ব্যাপার নয় কি? শীঘ্রই যাতে ২০০২ সালের প্রাথমিক শিক্ষার বইগুলো পৌছানোর ব্যবস্থা করা হয় সেজন্য মাননীয় প্রধানমন্ত্রীর [illegible] আকর্ষণ করছি।

[illegible],
গ্রাম- কাঞ্চনপুর
ডাকঘর- দঃ কাঞ্চনপুর
রায়পুর, লক্ষ্মীপুর।